

সহীহ শামায়েলে তিরমিযী

হাদিস নাম্বারঃ ১১০

২৫. রাসূলুল্লাহ (ﷺ) এর রুটির বিবরণ (باب ما جاء في صفة خبز رسول الله ﷺ) এর রুটির বিবরণ

আরবী

حَدَّثَنَا عَبْدُ اللَّهِ بْنُ عَبْدِ الرَّحْمَنِ ، قَالَ : حَدَّثَنَا عَبْدُ اللَّهِ بْنُ عَبْدِ الْمَجِيدِ الْحَنْفِيُّ ، حَدَّثَنَا عَبْدُ الرَّحْمَنِ بْنُ عَبْدِ اللَّهِ بْنِ دِينَارٍ ، قَالَ : حَدَّثَنَا أَبُو حَازِمٍ ، عَنْ سَهْلِ بْنِ سَعْدٍ ، أَنَّهُ قِيلَ لَهُ : أَكَلَ رَسُولُ اللَّهِ صَلَّى اللَّهُ عَلَيْهِ وَسَلَّمَ النَّقِيَّ ؟ يَعْنِي الْخَوَّارَى فَقَالَ سَهْلٌ : " مَا رَأَى رَسُولُ اللَّهِ صَلَّى اللَّهُ عَلَيْهِ وَسَلَّمَ النَّقِيَّ حَتَّى لَقِيَ اللَّهَ عَزَّ وَجَلَّ تَعَالَى " ، فَقِيلَ لَهُ : هَلْ كَانَتْ لَكُمْ مَنَاحِلُ عَلَى عَهْدِ رَسُولِ اللَّهِ صَلَّى اللَّهُ عَلَيْهِ وَسَلَّمَ ؟ قَالَ : " مَا كَانَتْ لَنَا مَنَاحِلُ " . قِيلَ : كَيْفَ كُنْتُمْ تَصْنَعُونَ بِالشَّعِيرِ ؟ قَالَ : " كُنَّا نَنْفُخُهُ فَيَطِيرُ مِنْهُ مَا طَارَ ، ثُمَّ نَعْجِنُهُ " .

বাংলা

১১০. সাহল ইবনে সা'দ (রাঃ) হতে বর্ণিত। তাকে জিজ্ঞেস করা হলো রাসূলুল্লাহ সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম কি ময়দার রুটি আহার করতেন? তিনি বললেন, রাসূলুল্লাহ সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম তাঁর ওফাত পর্যন্ত ময়দা দেখেননি। তারপর তাকে বলা হলো, রাসূলুল্লাহ সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম এর সময় আপনাদের কি চালনি ছিল? তিনি বললেন, আমাদের কোন চালনি ছিল না। তখন তাকে জিজ্ঞেস করা হলো, তবে আপনারা যবের রুটি কীভাবে ব্যবহার করতেন? তিনি বললেন, আমরা তাতে ফুঁ দিতাম, যাতে অখাদ্য কিছু থাকলে তা উড়ে যায়। এরপর আমরা খামির করে নিতাম।[1]

English

Someone asked Sahl bin Sa'd Radiyallahu 'Anhu "Did Rasulallah Sallailahu 'Alayhi Wasallam ever eat bread made of white (fine) flour?" He replied: White flour may not have come before Rasulallah Sallailahu 'Alayhi Wasallam till his last days". The questioner then asked: "Did you people use sieved flour in the time of Rasulallah Sallailahu 'Alayhi Wasallam?" He replied: "No, it was not". The questioner then asked: "How was bread from barley prepared?" (because it has more particles in it). Sahl Radiyallahu

Anhu replied: "We used to blow into the flour and the big particles flew out. The rest was made into dough".

ফুটনোট

[1] মুসনাদে আহমাদ, হা/২২৮৬৫; তাহযীবুল আছার, হা/২৫১৭।

ব্যাখ্যা

সাহল (রাঃ) বলেছেন যে, রাসূলুল্লাহ (সাঃ) ময়দা দেখেননি এবং চালনি ব্যবহার করেননি। এ কথা তিনি তাঁর জানা অনুসারে বলেছেন। কেননা তখন মক্কা ও মদিনায় চালনির প্রচলন ছিল না। অন্যথায় রাসূলুল্লাহ (সাঃ) নবুওয়াত প্রাপ্তির পূর্বে সিরিয়া সফরের সময় ময়দা দেখে থাকতে পারেন। কেননা সিরিয়ায় চালনি দিয়ে ময়দা চালার রেওয়াজ আগে থেকেই ছিল।

Allah! Allah is everlasting. Today it is difficult for us to eat even wheat flour that is not sifted. Whereas unsifted flour is good for digestion. Bread made of fine flour although being heavy (and difficult to digest) has become common. Many homes, because of luxury have kept up this wasteful practice. Some 'ulama have written that the first bid'ah that crept into Islaarn was the use of a sieve. This bid'ah should not be confused with shar'ee bid'ah, which is against the sunnah. It is being called bid'ah in view of new trends. it is undoubtedly jaa iz (permissible).

হাদিসের মান: সহীহ (Sahih) পুনঃনিরীক্ষিত

পাবলিশারঃ ইমাম পাবলিকেশন্স লিমিটেড

🔗 Link — <https://www.hadithbd.com/hadith/link/?id=49024>

📖 হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন